



সৌদিকে আন্তর্জাতিক বিমানবন্দরে হামলার হুমকি হুথিদের



সংগৃহীত ছবি

ইয়েমেনের আকাশসীমায় কোনো ধরনের সামরিক তৎপরতা বা উস্কানিমূলক পদক্ষেপ নিলে সৌদি আরবের আন্তর্জাতিক বিমানবন্দর ও গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতে হামলা চালানোর হুমকি দিয়েছে ইরান-সমর্থিত হুথি গোষ্ঠী।

গুত্রবার (৩ জুলাই) এক বিবৃতিতে হুথি বাহিনীর মুখপাত্র দাবি করেন, সানা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করতে যাওয়া একটি ইরানি বেসামরিক বিমানকে বাধা দেওয়ার চেষ্টা করে সৌদি যুদ্ধবিমান। এ সময় তাদের বিমান প্রতিরক্ষা ইউনিট সক্রিয় হয়ে পরিস্থিতি মোকাবিলা করে বলেও দাবি করা হয়।

হুথিদের অভিযোগ, এ ধরনের পদক্ষেপ ইয়েমেনের সার্বভৌমত্বের লঙ্ঘন। ভবিষ্যতে এমন ঘটনা ঘটলে তার জবাব দেওয়া হবে এবং প্রয়োজনে সৌদি আরবের কৌশলগত ও অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করা হবে বলেও সতর্ক করেছে গোষ্ঠীটি।

বিশ্লেষকদের মতে, রিয়াদ ও সানার মধ্যে কয়েক বছর ধরে চলা নাজুক সমঝোতার মধ্যেই এ ধরনের অভিযোগ নতুন করে উত্তেজনা সৃষ্টি করতে পারে। এর প্রভাব ইয়েমেনের চলমান সংকট ও মধ্যপ্রাচ্যের নিরাপত্তা পরিস্থিতিতেও পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

তবে হুথিদের এসব দাবির বিষয়ে সৌদি আরব এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক বক্তব্য দেয়নি এবং ঘটনাটির স্বাধীন যাচাইও সম্ভব হয়নি।

সূত্র: আল-জাজিরা।